

🗏 ইউনুস | Yunus | يُونُس

আয়াতঃ ১০: ৮৪

া আরবি মূল আয়াত:

وَ قَالَ مُوسِى يَقُومِ إِن كُنتُم أَمَنتُم بِاللَّهِ فَعَلَيهِ تَوكَّلُوا إِن كُنتُم مُسلِمِينَ ﴿ كَانَ مُ اللَّهِ فَعَلَيهِ مَوكَّلُوا إِن كُنتُم مُسلِمِينَ ﴿ كَانَ مُ اللَّهِ فَعَلَيهِ مَوكَّلُوا إِن كُنتُم مُسلِمِينَ ﴿ كَانَ مُ اللَّهِ فَعَلَيهِ مَوكَّلُوا إِن كُنتُم مُسلِمِينَ ﴿ كَانَ مُ اللَّهِ فَعَلَيهِ مَوكًا لَهِ اللَّهِ فَعَلَيهِ مَوكًا لَهُ اللَّهِ فَعَلَيهِ مَا اللَّهُ مَا اللَّهِ فَعَلَيهِ مَا اللَّهُ اللّهُ الللّهُ الللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ الللّهُ اللّهُ اللّ

আর মূসা বলল, 'হে আমার কওম, তোমরা যদি আল্লাহর প্রতি ঈমান এনে থাক, তবে তাঁরই উপর তাওয়াক্কুল কর, যদি তোমরা মুসলিম হয়ে থাক'। — আল-বায়ান

মূসা বলেছিল, "হে আমার জাতির লোকেরা! তোমরা যদি আল্লাহর প্রতি বিশ্বাস স্থাপন করে থাক তাহলে তোমরা তাঁরই উপর ভরসা কর যদি তোমরা আত্মসমর্পণকারী হও"। — তাইসিক্রল

আর মূসা বললঃ হে আমার সম্প্রদায়! যদি তোমরা আল্লাহর উপর ঈমান রাখ তাহলে তাঁরই উপর ভরসা কর, যদি তোমরা মুসলিম হও। — মুজিবুর রহমান

And Moses said, "O my people, if you have believed in Allah, then rely upon Him, if you should be Muslims." — Sahih International

৮৪. আর মূসা বলেছিলেন, হে আমার সম্প্রদায়! যদি তোমরা আল্লাহর উপর ঈমান এনে থাক, তবে তোমরা তারই উপর নির্ভর কর, যদি তোমরা মুসলিম হয়ে থাক।(১)

(১) মূসা আলাইহিস সালাম তার জাতিকে ঈমানের সাথে সাথে আল্লাহর উপর ভরসা করার আহবান জানান। কারণ যারাই আল্লাহর উপর ভরসা করবে আল্লাহ তাদের জন্য যথেষ্ট হয়ে যান। [সূরা আয-যুমারঃ ৩৬, সূরা আত-তালাকঃ ৩] আল্লাহ্ তাআলা পবিত্র কুরআনের বিভিন্ন স্থানে ঈমান ও ইবাদতের সাথে তাওয়াক্কুল তথা আল্লাহর উপর ভরসা করার জন্য জাের নির্দেশ দিয়েছেন। [যেমন, সূরা হুদঃ ১২৩, সূরা আল মুলকঃ ২৯, সূরা আল-মুযযাম্মিলঃ ৯]।

তাফসীরে জাকারিয়া

- (৮৪) মূসা বলল, 'হে আমার সম্প্রদায়! যদি তোমরা আল্লাহর উপর বিশ্বাস রাখ, তাহলে তাঁরই উপর ভরসা কর; যদি তোমরা মুসলিম হও।'[1]
 - [1] বনী ইস্রাঈলগণ ফিরআউনের পক্ষ থেকে যে অপমান ও লাঞ্ছনার শিকার ছিল, মূসা (আঃ) আসার পরেও তা



কম হয়নি, ফলে তিনি বড় চিন্তাম্বিত ছিলেন। বরং মূসা (আঃ)-এর সম্প্রদায় তাঁকে এমন কথাও বলে ফেলেছিল যে, হে মূসা! যেমন আমরা আপনার আগমনের পূর্বে ফিরআউন ও তার সম্প্রদায়ের নিপীড়নে নিপীড়িত ছিলাম, অনুরূপ আপনার আগমনের পরেও আমাদের একই অবস্থা। এর পরিপ্রেক্ষিতে মূসা (আঃ) তাদেরকে বলেছিলেন, আশা করি যে আমার প্রভু অবিলম্বে তোমাদের শক্রকে ধ্বংস করে দেবেন। তবে এর জন্য জরুরী যে, তোমরা একমাত্র এক আল্লাহর নিকট সাহায্য প্রার্থনা কর এবং অধৈর্য হয়ো না। (সূরা আ'রাফের ১২৮-১২৯নং আয়াত দ্রষ্টব্য) এখানেও মূসা (আঃ) তাদেরকে নির্দেশ দিয়েছিলেন যে, যদি তোমরা প্রকৃতপক্ষে আল্লাহর আনুগত্যশীল হও, তাহলে একমাত্র তাঁরই উপর ভরসা কর।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=1448

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন